আজকের কাগজ

তারিখ 06 JAN 1993
পৃষ্ঠা 2 কলাম 4

## জয়নুল–জসীমউদ্দিন চিত্রাংকন প্রতিযোগিতা

# শিশু–কিশোরদের শিক্ষার ওপরই জাতির ভবিষ্যত অগ্রগতি নির্ভরশীল

**কাগজ প্রতিবেদক :** জাতীয় অধ্যাপক মুহম্মদ শামস-উল-হক বলেছেন, শিশু-কিশোরদের শিক্ষার ওপরই জাতির ভবিষ্যৎ অগ্রগতি প্রধানত নির্ভরশীল। তাদের শিক্ষার মান যতো উন্নততর হবে এবং চিন্তা ও কর্মে তারা যতো বেশি সৃজনশীল হবে, উন্নয়নে জাতির অগ্রসরতা ততোই বৃদ্ধি পাবে। তিনি বলেন, উন্নত কি উন্নয়নশীল সকল দেশেই শিশু-কিশোরদের জন্যে উন্নততর শিক্ষা ব্যবস্থার ওপর বিশেষ গুরুত্ব দেয়া হয়ে থাকে।

তিনি গতকাল বিকেলে বাংলাদেশ শিশু একাডেমিতে জয়নুল-জসীমউদ্দিন জন্মোৎসবে চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। কবি বেগম সুফিয়া কামাল-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথির বক্তব্য দেন কামাল সোহানী, বেগম জয়নুল আবেদিন, রোকনুজ্জামান দাদাভাই এবং শিশুদের পক্ষ থেকে ঈষিতা বক্তব্য রাখেন।

প্রফেসর শামস-উল-হক বলেন যে, প্রতিকূল আর্থ-সামাজিক পরিবেশে অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে কাজ করতে হচ্ছে, তাতে শিশু-কিশোরদের সহজাত ক্ষমতাগুলোর পূর্ণ ও সৃজনশীল বিকাশ অত্যন্ত কঠিন। তিনি বলেন, শিশু-কিশোরদের উপযুক্ত শিক্ষা ব্যবস্থা শিশুদের অধিকার হিসেবে বর্তমানে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত। কিন্তু বাংলাদেশের মতো অধিকাংশ উন্নয়নশীল দেশে শিশু-কিশোরদের জন্যে শিক্ষার সুবিধা অপ্রতুল।

বেগম সুফিয়া কামাল বলেন, আজকের শিশুরাই দেশের প্রাণ, ভবিষ্যতের নাগরিক। তারাই একদিন দেশকে গৌরবময় জ্যোতির্ময় করে তুলবে। তিনি বলেন, দেশে বড় সংকট কাল চলছে, দুর্দিন যাচ্ছে। শিশুদের সামনে কোনো আদর্শ নেই যা অনুসরণ করে জীবন গড়ে তুলবে। তিনি শিশুদের দ্বেষ, বৈষম্য ও সাম্প্রদায়িকতার বিষবাষ্প থেকে দূরে রাখতে অভিভাবকদের সচেষ্ট হওয়ার আহবান জানান।

কামাল সোহানী বলেন, আমরা বাঙালীরা যাদের নিয়ে গর্ব করতে পারি তাদের মধ্যে জয়নুল-জসীমউদ্দিন আমাদের জন্যে অমূল্য রতন। তিনি বলেন, তাদের কাব্য ও ছবিতে অসাম্প্রদায়িক চেতনা পরিস্ফুটিত হয়ে উঠেছিলো। অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন অধ্যাপক শামস-উল-হক।